# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪২৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ একজন মানুষের জন্য মুস্তাহাব হলো তার পিতা-মাতার সাথে সদাচারণে অত্যধিক যত্নবান হওয়া যাতে তিনি এর মাধ্যমে সৎকর্মশীল ব্যক্তিদের অন্তর্ভূক্ত হতে পারেন

ذِكْرُ اسْتِحْبَابِ الْمُبَالَغَةِ لِلْمَرْءِ فِي بِرِّ وَالِدِهِ رَجَاءَ اللُّحُوقِ بِالْبَرَرَةِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ حَدَّثَنَا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا خَالِدٌ وَأَبُو عَوَانَةَ قَالَ حَدَّثَنَا سُهَيْلُ بْنُ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "لَا يَجْزِي وَلَدٌ وَالِدَهُ إِلَّا أَنْ يَجِدَهُ مَمْلُوكًا فيشتريه فيعتقه."

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 424 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪২৪. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কোন সন্তান তার বাবার (অবদানের) প্রতিদান দিতে পারবে না, ঐ অবস্থা ব্যতিত যেখানে কোন ব্যক্তি তার বাবাকে কৃতদাস হিসেবে পায় অতঃপর তাকে ক্রয় করে মুক্ত করে দেয়।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৪০৫; মুসনাদ আহমাদ: ২/২৩০; সহীহ মুসলিম: ১৫১০; আবু দাউদ: ৫১৩৭; আদাবুল মুফরাদ: ১০; শারহু মা‘আনিল আসার: ৩/১০৯; সুনানু বাইহাকী: ১০/১৮৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৩৯; ইবনু মাজাহ: ৩৬৫৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৪২৫; তিরমিযী: ১৯০৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৭৪৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88888

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন